

**উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা এর**  
**বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ কমিটির জুন ২০২২ মাসের সভার কার্য বিবরণীঃ**

**সভাপতিঃ মোঃ মিজানুর রহমান, ভাইস চেয়ারম্যান।**

**উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা।**

**স্থানঃ ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ**


**তারিখঃ ১৪-০৬-২২খ্রিঃ সকাল ১১.০০ ঘটিকা।**

**সভায় উপস্থিত বৃন্দ পরিশিষ্ট 'ক'**

সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। তিনি সভা পরিচালনার জন্য সদস্য সচিব, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জনাব কাওসার আহমেদকে অনুরোধ জানান। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সকলকে ধন্যবাদ জানিয়ে বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠকরে শুনান এবং কোন সংশোধনী থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত অনুমোদিত হয়। অতঃপর তিনি সভার আলোচ্যসূচী অনুসারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য সকলকে অনুরোধ জানান। অধ্যকার সভায় নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত হয়।

ক্রঃনং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	মোটা চালের মূল্য নিয়ন্ত্রন	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় বলেন যে, বাজারে চালের মূল্য নিয়ন্ত্রনে সকল পদক্ষেপ নেয়া হয়েছে। মূল্য নিয়ন্ত্রনে সর্বাবস্থায় মনিটরিং কার্যক্রম চালু আছে। তাছাড়া উখানি কর্তৃক খাদ্যবান্ধব কর্মসূচী ও ওএমএস কর্মসূচীর মাধ্যমে হত দরিদ্রদের মধ্যে ন্যায্যমূল্যে চাল সরবরাহের ব্যবস্থা চলমান আছে। সংরক্ষিত মহিলা সদস্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তরে সম্মতি ও ধন্যবাদ প্রদান করেন।	বিস্তারিত আলোচনান্তে মনিটরিং প্রক্রিয়া চলমান থাকতে হবে।	সংশ্লিষ্ট সকল
০২	ধান উৎপাদন ও মান নিয়ন্ত্রণ	সভাপতি বলেন যে, জনসাধারণের জন্য খাদ্যশস্য সরবরাহ ও পর্যবেক্ষণ, মান নিয়ন্ত্রণে সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান। কলমাকান্দা কৃষি নির্ভর অঞ্চল হওয়ায় এখানে কৃষি ধান, চাল উৎপাদন বৃদ্ধি বিশেষ করে ধান সরবরাহে এর মান নিয়ন্ত্রণ কথা বলেন।	সভায় বিস্তারিত আলোচনান্তে কৃষি উৎপাদন ধান, চাল এর প্রতি জোর প্রদান করেন।	সংশ্লিষ্ট সকল

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

  
(মোঃ মিজানুর রহমান)

ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
কলমাকান্দা, নেত্রকোণা।

তারিখঃ ১৪-০৬-২০২২খ্রিঃ


স্মারক নং-

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা।

২। উপজেলা নির্বাহী অফিসার, কলমাকান্দা, নেত্রকোণা।

৩। অফিস কপি।

  
১৪-০৬-২০২২

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
কলমাকান্দা, নেত্রকোণা।